

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
www.emrd.gov.bd

তারিখ : ১৫ মাঘ ১৪২৪  
২৮ জানুয়ারি ২০১৮

নং-২৮.০০.০০০০.০১১.২৫.২১২.১২.

প্রাপক,  
চেয়ারম্যান  
বিপিসি, চট্টগ্রাম।

বিষয় : রাশিয়া ও অস্ট্রিয়া সফরের অনুমতি।

মহোদয়,


LUKOIL Marine Lubricants DMCC-এর রাশিয়া ও অস্ট্রিয়ায় উৎপাদন ও বিপণন সুবিধাদি সরেজমিনে পরিদর্শনের জন্য নিম্নবর্ণিত ০২ (দুই) জন কর্মকর্তাকে আগামী ১৬-২৩ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত অথবা প্রকৃত যাত্রার তারিখ হতে ০৮ (আট) দিন (যাতায়াত সময় ব্যতীত) রাশিয়া ও অস্ট্রিয়া সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন করা হলোঃ

ক্রম	কর্মকর্তার নাম ও পদবি	সংস্থা/কোম্পানি
(১)	জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম, চেয়ারম্যান (সচিব)	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
(২)	মীর হাইফুজুল্লাহ-আল-খালেদ, ব্যবস্থাপনা পরিচালক	মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

২। এ সফরের শর্তাবলি নিম্নরূপঃ

- তাদের যাতায়াতসহ সফরের সম্পূর্ণ সময় কর্মকাল (on duty) হিসেবে গণ্য হবে;
- অনুমোদিত বিদেশে অবস্থানের মেয়াদ বাড়ানো যাবে না;
- বর্ণিত সফরকালীন তাদের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রদেয় হবে;
- আলোচ্য ভ্রমণের বিমান ভাড়া এবং রাশিয়া ও অস্ট্রিয়ায় অবস্থানকালীন হোটেল ভাড়া LUKOIL Marine Lubricants DMCC কর্তৃক নির্বাহ করা হবে, তবে অন্যান্য আনুষঙ্গিক ব্যয় বিধিমোতাবেক মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ করা হবে;
- সফর শেষে কাজে যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এ বিষয়ে একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


আপনার বিশ্বস্ত,  
  
(মোঃ আঃ খালেক মল্লিক)  
উপসচিব  
ফোন : ৯৫১৪১৬৫।

তারিখ : ১৫ মাঘ ১৪২৪  
২৮ জানুয়ারি ২০১৮

নং-২৮.০০.০০০০.০১১.২৫.২১২.১২. ২১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ : মহা-পরিচালক, (কনসুলার)-প্রয়োজনীয় নোট ভারবাল জারির অনুরোধসহ]
- ২। জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম, চেয়ারম্যান (সচিব), চেয়ারম্যান, বিপিসি।
- ৩। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। মান্যবর রাষ্ট্রদূত, .....
- ৫। মান্যবর রাষ্ট্রদূত, .....
- ৬। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ৮। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৯। মীর হাইফুজুল্লাহ-আল-খালেদ, ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।
- ১১। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১২। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১৩। আইসিটি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১৪। অফিস কপি।

  
(মোঃ আঃ খালেক মল্লিক)  
উপসচিব